

## ১৫। ডাইনি সন্দেহে এক বৃদ্ধাকে নিপীড়ন করবার বিরুদ্ধে গ্রামের একদল যুবকের প্রতিবাদ

০ নিজস্ব প্রতিবেদক, বাঘমুন্ডি ২৭ মার্চ : বাঘমুন্ডি গ্রামের দুলাকি চুড়ু নামে এক অসহায় বৃদ্ধাকে ডাইনি সন্দেহে কয়েকজন গ্রামবাসী ঘর থেকে বের করে রাস্তায় বসিয়ে রেখেছিল। তাদের অভিযোগ, ওই বৃদ্ধার কুদৃষ্টিতে তাদের গ্রামের কয়েকজন বৃদ্ধ ও শিশুর মৃত্যু হয়েছে। ডাইনি অভিযোগে তারা ওই বৃদ্ধাকে মারধোরও করে। এই খবর জেনে গ্রামেরই কয়েকজন যুবক এসে বৃদ্ধাকে আবার ঘরে ঢুকিয়ে দেয়। তারা অভিযোগকারী গ্রামবাসীদের বিরুদ্ধে রুখে দাঁড়ায় এবং পুলিশেও খবর দেয়। পুলিশ এসে কয়েকজনকে থানায় নিয়ে যায়। এরপর ওই যুবকরা ঠিক করে গ্রামের মানুষের মধ্যে সচেতনতা বাড়াবার জন্য কুসংস্কারের বিরুদ্ধে তারা আন্দোলন করবে। এইজন্য তারা বিজ্ঞানমঞ্চ গড়তেও উদ্যোগী হয়েছে।

## ১৬। বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণকার্য

০ বিশেষ সংবাদদাতা, কাকদ্বীপ, ১০ জুন : সম্প্রতি নদীর জলস্ফীতির কারণে আমাদের এই অঞ্চলে ব্যাপক বন্যা দেখা দিয়েছে। কয়েক শত বাড়ি জলমগ্ন। মানুষ কয়েকটি উঁচু বাড়ি এবং স্কুলঘরে আশ্রয় নিয়েছে। রাজ্য সরকার প্রয়োজনীয় ত্রিপল, ওষুধ, চিড়ে, গুড়, জল ইত্যাদি পাঠিয়েছে। সেই সঙ্গে একটি মেডিকেল টিম এসে অসুস্থদের চিকিৎসা করছে। ভারত সেবাশ্রম সংঘ, রামকৃষ্ণ মিশন প্রভৃতি বেসরকারি প্রতিষ্ঠানের সম্ম্যাসীরা এসে দুর্গত মানুষদের সাহায্য করছেন। ত্রাণ নিয়ে কিছু অভিযোগ থাকলেও শেষ পর্যন্ত তা মিটে গেছে। ত্রাণসামগ্রী যাতে দুর্গত মানুষদের হাতে পৌঁছে দেওয়া যায়, সেই দিকেই সকলের লক্ষ দেখা গেছে।

## ১৭। একটি রক্তদান শিবির

০ বিশেষ সংবাদদাতা, বেলঘরিয়া, ৮ এপ্রিল : আমাদের জাগরণী ক্লাবের উদ্যোগে এক বিশেষ রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছিল। কয়েকদিন ধরেই এ সম্পর্কে এখানে ব্যাপক প্রচার করা হয়েছিল। পোস্ট অফিসের পাশের মাঠে সকাল থেকে বহু নরনারী সমবেত হয়েছিলেন। চারিদিক ঘিরে সুন্দর মণ্ডপ তৈরি করা হয়েছিল। স্থানীয় একদল চিকিৎসক রক্ত নেবার জন্য উপস্থিত ছিলেন। যথাসময়ে রক্তদাতারা বেড়ে শুয়ে রক্ত দিলেন। তাঁদের প্রত্যেককে 'ব্লাড ডোনেশন কার্ড' দেওয়া হল। সেই সঙ্গে দেওয়া হল উপযুক্ত জলখাবার। রক্তদান শিবির উপলক্ষে সকলের উৎসাহ ছিল যথেষ্ট।

## ১৮। বিদ্যালয়ে শিক্ষক দিবস উদ্‌যাপন

০ নিজস্ব সংবাদদাতা, ৫ জুন, রানাঘাট : সম্প্রতি আমাদের বিদ্যালয়ে শিক্ষক দিবস উদ্‌যাপিত হল। এই উপলক্ষে সেদিন প্রথমে একটি ছোটো অনুষ্ঠান হয়েছিল। সেখানে প্রধান শিক্ষক ও অন্যান্য শিক্ষকরা শিক্ষক দিবসের তাৎপর্য আলোচনা করলেন। এরপর আমরা যে যার শ্রেণিকক্ষে চলে গেলাম। আমাদের মধ্যে একজন ছাত্র শিক্ষকের চেয়ারে বসে ক্লাস নিতে শুরু করল। মাঝে মাঝে দু'একজন শিক্ষক-শিক্ষিকা এসে বেঞ্চে বসে গেলেন। এরপর আমরা শিক্ষকদের মিষ্টি খেতে দিলাম। শিক্ষকরাও আমাদের মিষ্টি খাওয়ালেন। বেশ সুন্দর পরিবেশে আমাদের বিদ্যালয়ে শিক্ষক দিবস উদ্‌যাপিত হল।

সূত্র নির্দেশ করে সম্বিবদ্ধ করো : চরণামৃত, স্বাধীনতা, গতায়াত, স্নেহার্দ্ৰ, স্নাতকোত্তর, হিতৈষণা, সঁদৈব, মরুদ্যান, বিদ্যালয়, গিরীশ, তৃষ্মার্ত, মহৈরাবত, মহেশান, বধুৎসব, পরীক্ষা, মহিমাঙ্ঘিত, শোকাবেগ, দেবানুগৃহীত, দুর্গোৎসব, সারদেশ্বরী, লঘূর্মি, রসনেদ্রিয়, নিদ্রাচ্ছন্ন, জনৈক, স্বল্প, পর্যটন, অনুমত্যানুসারে, প্রৌঢ়, নয়ন, গায়ক।

সম্বিবচ্ছেদ করো : অন্যান্য, প্রত্যাবর্তন, মহৌদার্য, বেদনার্ত, রাজর্ষি, উমেশ, ভূর্ধ্ব, প্রতীক্ষা, প্রতিজ্ঞাবদ্ধ, যথার্থ, সিংহাসন, চরণামৃত, নবানুরাগ, যুগর্ষি, পরোপকারী, রাজ্যেশ্বর, পরীক্ষাগার, বিদ্যার্জন, পূর্ণেন্দু, বধুদয়, চিত্তৈশ্বর্য, মহৈরাবত, গবাক্ষ, নদ্যম্বু, পঞ্চাচার, মাংসৌদন, অনাদ্যস্ত, স্বাগত, গায়িকা, নাবিক, গবেন্দ্র, অঙ্ঘিত, বন্যার্ত।

শূন্যস্থানে সম্বিবদ্ধ শব্দ বসাতো :

বিদ্যা + উদয় = \_\_\_\_\_      নে + অন = \_\_\_\_\_      ভো + অন = \_\_\_\_\_



পর + উপকার = -----

নব + উড়া = -----

লতা + ওষধি = -----

সরযু + উর্মি = -----

ক্ষৌণি + ঈশ্বর = -----

মহা + আশয় = -----

ভব + ঈশ = -----

বধু + উৎসব = -----

রবি + ইন্দ্র = -----

মহা + ঈশ্বর = -----

স্তৌ + অক = -----

জল + ওকা = -----

৮। সন্ধি বিচ্ছেদ করো :

গিরীশ = ----- + -----

মহানন্দ = ----- + -----

সূর্যোদয় = ----- + -----

পরান্ন = ----- + -----

তদৈব = ----- + -----

কুলটা = ----- + -----

শুভেচ্ছা = ----- + -----

স্বর্গোদ্যান = ----- + -----

সীতেন্দ্র = ----- + -----

থানেশ্বর = ----- + -----

লঙ্কেশ = ----- + -----

অভ্যাস = ----- + -----

একৈক = ----- + -----

মহৌষধ = ----- + -----

স্বাধীনোত্তর = ----- + -----

একোন = ----- + -----

অশ্বিষ্ট = ----- + -----

ত্রায়ক = ----- + -----

৯। সঠিক উত্তরের মাথায় √ চিহ্ন দাও :

গো + পদ = গোপদ/গোপ্পদ/গোঃপদ।

পো + অন = পৌয়ন/পায়ন/পবন।

আদ্য + উপাস্ত = আদ্যস্ত/আদ্যোপাস্ত/আদ্যপাস্ত

মাঘ + উৎসব = মাঘোৎসব/মাঘৎসব/মাঘউৎসব

ঢাকা + ঈশ্বরী = ঢাকাম্বরী/ঢাকেশ্বরী/ঢাকৈশ্বরী

যোগ + ইন্দ্র = যোগেন্দ্র/যোগীন্দ্র/যোগইন্দ্র

দিব্য + ঔষধ = দিব্যোৎসধ/দিবৌষধ/দিব্যোৎসধ।

নদী + আদি = নদ্যদি/নদ্যাদি/নৈদ্যাদি

মহা + উর্মি = মহার্মি/মহোর্মি/মহাউর্মি।